

প্র বীণ_ নবীন

আজ যাঁরা প্রবীণ, তাঁরাও তো একদিন নবীন ছিলেন। কালের নিয়মে নবীনকে জায়গা ছেড়ে দিতে হয়। তা বলে প্রবীণদের বাতিলের দলে ফেলে দিলে তো চলবে না। নবীন_প্র বীণের মেলবন্ধন ঘটানোর জন্য এই গানটি তাদের উদ্দেশ্যে নিবেদন করা হলো।

নব_পুরাতন একে অপরের পরিপূরক। পুরোনো আছে বলেই নতুনের আবির্ভাব। নবীন এবং প্রবীণ এক সরলরেখায় এগিয়ে এক বিন্দুতে মিলিত না হলেও সমান্তরাল সরলরেখায় অবশ্যই চলতে পারে। পাশাপাশি কিভাবে নবীন এবং প্রবীণ চলতে পারে, তাই প্রকাশিত হয়েছে এই গানটির মাধ্যমে।।

আমরা প্র বীন,আমরা প্র বীন,

পুরাতন গান গাই।

যারা নবীন এসেছে,

তোমাদেরই মাঝে নিজেদের খুঁজে পাই।।

চাইনা তো বেশি কিছু-----

শুধু এইটুকু ভালোবাসা ।-----

সম্মান__টুকু---- দিতে পারো যদি;

পুরা হবে---- প্রত্যাশা।।

একদিন মোরাও নবীন ছিলাম,

আজ প্র বীনের সাজে।

ফিরে পেতে চাই সেই দিনগুলো

আজ নবীনের মাঝে

আজ নবীনের মাঝে

আমরা প্র বীন,আমরা প্র বীন__।।

প্রবীণ মানেই বাতিলের দলে এমনটি ভেবো না

আজ নবীন কাল যে প্রবীণ হবে কভু ভুলে যেও না

প্রবীনের কাছে শিখে নবীন তাদের ও শেখাও কিছু
কাছাকাছি বসে উপভোগ করো,
সময়কে ফেলে পিছু
সময়কে ফেলে পিছু।।

তোমরা নবীন আমরা প্রবীণ চলো একসাথে যাই
নবীন এসো মোদের সাথে মোরা একসাথে গান গাই ।।
তোমরা নবীন আমরা প্রবীণ তোমরা নবীন ___

সাধনা রায় । ২২/১/২২.